

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date:- 04-10-2025

Time: 07:55-08:05 PM Hrs

BENGALI EVENING BULLETIN

Headlines :

- (১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দেশের শিক্ষা, দক্ষতা উন্নয়ন এবং শিল্পোদ্যোগে উৎসাহ প্রদানে ৬২ হাজার কোটি টাকারও বেশি মূল্যের যুব কেন্দ্রিক বিভিন্ন প্রকল্পের সূচনা করেছেন।
- (২) রাজধানী আগরতলায় আজ সরকারী উদ্যোগে বিজয়া দশমীর ভাসান পর্ব মাঝের গমন কার্নিভালের উদ্বোধন করেছেন মুখ্যমন্ত্রী ডাঃ মানিক সাহা।
- (৩) কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জগৎ প্রকাশ নাইডা বলেছেন, সুস্থ নারী সশক্ত পরিবার অভিযান ৬ কোটি ৫০ লক্ষ মহিলার রোগ নির্ণয়ক পরীক্ষার গ্রিহানিক মাইলফলক অর্জন করেছে।

PM:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দেশের শিক্ষা, দক্ষতা উন্নয়ন এবং শিল্পোদ্যোগে নির্নায়ক উৎসাহ দেওয়ার জন্য ৬২ হাজার কোটি টাকারও বেশি মূল্যের বিভিন্ন যুবকেন্দ্রিক প্রকল্পের সূচনা করেছেন। আজ নতুন দিল্লির বিজ্ঞান ভবনে আয়োজিত কৌশল দীক্ষান্ত সমারোহে প্রধানমন্ত্রী শ্রী মোদী, উন্নত ITI, এর মাধ্যমে Pradhan Mantri and Employability Transformation অর্থাৎ PM-SETU উদ্বোধন করেন।

বিভিন্ন যুব-কেন্দ্রিক উদ্যোগের উদ্বোধনের পর, প্রধানমন্ত্রী বলেন, দক্ষতা বিকাশ, জাতি নির্মাণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। তিনি বলেন, তার সরকার যুব শক্তিকে প্রশিক্ষণ ও উন্নয়নের উপর জোর দিয়ে ভবিষ্যতে নেতৃত্ব দিতে

প্রস্তুত করছে। তিনি উল্লেখ করেন, ভারত জ্ঞান ও দক্ষতার দেশ এবং মেধা শক্তি হই দেশের সবচেয়ে বড় শক্তি। তিনি আরও জানান, আইটিআই শুধুমাত্র শিল্প শিক্ষার শীর্ষস্থানীয় প্রতিষ্ঠান নয়, বরং এগুলি একটি আভন্নিভর ভারতের কর্মশালাও।

প্রধানমন্ত্রী বলেছেন, PM- SETU প্রকল্পটিতে উন্নত ও আধুনিক যন্ত্রপাতির মাধ্যমে এক হাজারের বেশি আইটিআই উপকৃত হবে।

#####PM Byte#####

প্রধানমন্ত্রী আরও বলেন দেশজুড়ে বর্তমানে 'জিএসটি বাচত উৎসব' চলছে এবং এটি বিহারের যুবকদের জন্য দ্বিতীয় বোনাসের সময়। এই উপলক্ষে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ৩৪টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে ৪০০টি নবোদয় বিদ্যালয় এবং ২০০টি একলব্য মডেল আবাসিক স্কুলে ১,২০০টি কারিগরি দক্ষতা ল্যাবের উদ্বোধনও করেন।

প্রধানমন্ত্রী এখানে বিহারের পুনর্বিন্যস্ত মুখ্যমন্ত্রী নিশ্চয় স্বয়ং সাহায্য ভাঙ্গ যোজনার উদ্বোধন করেছেন, যার অধীনে প্রতি বছর প্রায় পাঁচ লক্ষ স্নাতক তরুণ দুই বছরের জন্য মাসিক এক হাজার টাকা করে ভাতা পাবেন, সাথে বিনামূল্যে দক্ষতা প্রশিক্ষণও পাবে। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীও দক্ষতা উন্নয়ন এবং উদ্যোগমুখ্য মন্ত্রণালয়ের অধীন ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ইনসিটিউট থেকে ৪৬ জন অল ইঞ্জিয়া টপারকে সম্মানিত করেন। কেন্দ্রীয় দক্ষতা উন্নয়ন এবং উদ্যোগ মন্ত্রী জয়ন্ত সিং আরও একবার দেশকে একটি বৈশ্বিক দক্ষতা কেন্দ্র করার জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর দৃষ্টিভঙ্গি পুনরায় উল্লেখ করেন। বিহারের মুখ্যমন্ত্রী নীতিশ কুমার ভার্চুয়ালি অনুষ্ঠানে যোগ দেন।

Carnival C.M:

রাজধানী আগরতলায় আজ সরকারী উদ্যোগে বিজয়া দশমীর ভাসান পর্ব মায়ের গমন কার্নিভাল অনুষ্ঠিত হচ্ছে। আগরতলার তুলসীবতী স্কুলের সামনে আজ বিকেলে এই কার্নিভালের সূচনা করেন, মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। কার্নিভালের সূচনা করে, তিনি বলেন মায়ের গমন অনুষ্ঠানের মধ্য দিয়ে রাজ্য সাম্প্রদায়িক সম্প্রীতির বার্তা আরও স্ফূর্ত হবে। মুখ্যমন্ত্রী বলেন এই ধরনের অনুষ্ঠানের মূল উদ্দেশ্য হলো রাজ্যের গ্রিতিহ ও পরম্পরাকে সমৃদ্ধ করা। সম্প্রীতি ও সৌহার্দ্যকে আরও শক্তিশালী করা। রাজ্য সরকার এই লক্ষ্যেই কাজ করছে। তিনি বলেন, রাজ্যের শিল্প সাহিত্য সাংস্কৃতিক চর্চার বিকাশে তথ্য সংস্কৃতি দপ্তর কাজ করছে। তিনি বলেন, দুর্গোৎসব জাতি জনজাতির মেলবন্ধনের পাশাপাশি মানুষের আর্থ সামাজিক বিকাশ ঘটাতে ও সাহায্য করে বলে মুখ্যমন্ত্রী অভিমত ব্যক্ত করেন। তিনি বলেন সকলের প্রচেষ্টায় এই উৎসব শান্তিপূর্ণভাবে সম্পূর্ণ হয়েছে। গত চার বছর ধরে নান্দনিক পরিবেশ, সুশ্রেণী দৃষ্টি নন্দন পরিবেশে মায়ের গমন অনুষ্ঠিত হচ্ছে। আমাদের সাংস্কৃতিক ক্যালেন্ডারে এই কার্যক্রম সবচেয়ে বড় সাংস্কৃতিক কর্মসূচিতে পরিণত হয়েছে। সারা বিশ্ব এই কর্মসূচি দেখছে। মুখ্যমন্ত্রী বলেন,.....

#####C.M Byte#####

অনুষ্ঠানে স্বাগত ভাষণ রাখেন তথ্য সংস্কৃতি দপ্তরের সচিব পি কে চক্ৰবৰ্তী। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অর্থমন্ত্রী প্রনজিৎ সিংহ রায়, পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী, শিল্পমন্ত্রী সান্তনা চাকমা, ত্রীড়ামন্ত্রী টিংকু রায়, উচ্চ শিক্ষা মন্ত্রী কিশোর বৰ্মন, সাংসদ রাজিব ভট্টাচার্য মেয়র দীপক মজুমদার পুলিশের মহা নির্দেশক অনুরাগ সহ অন্যান্য অতিথিরা। পতাকা নেড়ে মায়ের গমন অনুষ্ঠানের সূচনা করেন মুখ্যমন্ত্রী।

Immersion:

আজ সন্ধ্যা পর্যন্ত রাজ্যে ২৬০০ টি দুর্গা প্রতিমা নিরঞ্জন হয়েছে। পুলিশ সদর দপ্তর জানিয়েছে, আরও ৩৮৩ টি প্রতিমা নিরঞ্জন বাকি রয়েছে। প্রায় সব প্রতিমা আজই নিরঞ্জন করা হবে। এখন পর্যন্ত উত্তর প্রিপুরায় ২৭৩ টি, উনকোটিতে ২১৪ টি, ধলাইয়ে ২৫২ টি, খোয়াইয়ে ৩৮২ টি, পশ্চিম প্রিপুরায় ৬৮৫ টি, সিপাহিজলায় ৩৩৮ টি, গোমতীতে ৩৬৫ টি এবং দক্ষিণ প্রিপুরায় ১৯১ টি প্রতিমা নিরঞ্জন হয়েছে। পুলিশ সদর দপ্তরের এসপি রাজদীপ দেব জানিয়েছেন, , প্রতিমা নিরঞ্জনকে কেন্দ্র করে এখন পর্যন্ত কোনও দুষ্টনার খবর নেই।

Finence Minister:

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতরমন আজ গুজরাটের গান্ধীনগর থেকে দেশব্যাপী “আপকি পুঁজি আপকা অধিকার” প্রচার অভিযান শুরু করেছেন। এই প্রচারের লক্ষ্য হল আর্থিক ব্যবস্থার বিভিন্ন ক্ষেত্রে পরে থাকা দাবিহীন আর্থিক সম্পদগুলির দ্রুত নিষ্পত্তি সহজতর করা। সমাবেশে ভাষন দিতে গিয়ে অর্থমন্ত্রী বলেন, এই প্রচার দাবিহীন আমানতগুলি আইন সম্মত দাবিদারদের কাছে সঠিক প্রত্যাবর্তন নিশ্চিত করবে। এ ব্যাপারে সচেতনতা বাড়ানোর জন্য তিনি সকলের প্রতি অনুরোধ জানান।

গুজরাটের অর্থমন্ত্রী কানুভাই দেশাই এই প্রচারকে নাগরিক কেন্দ্রিক শাসনের একটি মানদণ্ড হিসেবে বর্ণনা করেছেন। গুজরাটের বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠানে পরে থাকা দাবিহীন সম্পদগুলি দ্রুত নিষ্পত্তি করা হবে বলে তিনি আশ্বাস দেন।

Chairman obc commission:

ত্রিপুরা ওবিসি কমিশনের চেয়ারম্যান হিসেবে দ্বিতীয়বারের জন্য নিযুক্তি পেলেন তাপস মজুমদার। রাজ্য প্রশাসনের অবর সচিব জয় দত্ত এক বিজ্ঞপ্তিতে এই খবর জানিয়েছেন।

Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#####Sound Byte#####

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ড্রিউ. ড্রিউ. ড্রিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

Swasth nari sashakt pariwar -J.P.Nadda:

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জগৎ প্রকাশ নাড়া বলেছেন, সুস্থ নারী সশক্ত পরিবার অভিযান ৬ কোটি ৫০ লক্ষ মহিলার রোগ নির্ণয়ক পরীক্ষার গ্রিতিহাসিক মাইলফলক অর্জন করেছে। তিনি বলেন, সারা দেশে প্রায় ১৮ লক্ষ স্বাস্থ্য শিবির আয়োজন করা হয়েছিল। দুই সপ্তাহব্যাপী অভিযান গত মাসের ১৭ তারিখে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী শুরু করেছিলেন এবং এই মাসের ২ তারিখে শেষ হয়েছে। সামাজিক মাধ্যমে শ্রী নাড়া জানান, এই অসাধারণ সাফল্য নারীর স্বাস্থ্যকে শক্তিশালী পরিবার এবং সমৃদ্ধ সমাজের কেন্দ্রবিন্দুতে রাখার জন্য

দেশের সম্মিলিত সংকলকে প্রতিফলিত করে। তিনি মহিলাদের সুস্থতাকে অগ্রাধিকার দিয়েছেন, তাদের নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা করানো এবং একটি সুস্থ ও ক্ষমতায়িত ভবিষ্যতের দিকে পরিচালিত করার জন্য উৎসাহিত করে এই গতি অব্যাহত রাখার উপর জোর দেন।

GST reforms-navratri:

কেন্দ্রীয় সরকার পরবর্তী প্রজন্মের জিএসটি সংস্কারের ফলে দেশের মধ্যবিত্ত অংশের মধ্যে সাম্মত উৎসব উদযাপনের অবকাশ তৈরী করেছে। সদ্য কার্যকর হওয়া এই জি এস টি সংস্কার ভারতের গ্রাহক কেন্দ্রিক অর্থনীতিতে রূপান্তর ঘনেছে। এক দশকেরও বেশি সময়ে এবছরই নবরাত্রি উপলক্ষ্মে সর্বাধিক বিক্রি নিশ্চিত হয়েছে। একটি প্রতিবেদন.....

#####V/C#####

Union Road Transport Fee:

সরকার জাতীয় হাইওয়ে ফি ২০০৮ সংশোধন করেছে। নতুন নিয়ম অনুযায়ী, বৈধ ও কার্যকর FASTag ছাড়া ফি প্লাজায় প্রবেশ করা যানবাহনের জন্য, নগদ ফি-র ক্ষেত্রে ব্যবহারকারী ফি দ্বিগুণ দিতে হবে। যেসব ব্যবহারকারী ফি Unified Payment Interface (UPI) মাধ্যমে দিতে পছন্দ করবেন, তাদের জন্য গ্রুপের যানবাহনের প্রযোজ্য ব্যবহারকারী ফি মাত্র ১.২৫ গুণ ধার্য করা হবে। নতুন নিয়মসমূহ ১৫ই নভেম্বর থেকে কার্যকর হবে।

সড়ক পরিবহন ও মহাসড়ক মন্ত্রণালয় আরও জানিয়েছে, নতুন সংশোধনের উদ্দেশ্য হলো ফি সংগ্রহ প্রক্রিয়াকে শক্তিশালী করা, টোল সংগ্রহে স্বচ্ছতা বৃদ্ধি করা এবং জাতীয় মহাসড়ক ব্যবহারকারীদের জন্য যাতায়াতে সহজতা

বাড়ানো। মন্ত্রণালয় আরও যোগ করেছে যে সংশোধিত নিয়মগুলোর মাধ্যমে ডিজিটাল পেমেন্টের গ্রহণযোগ্যতা বাড়বে, টোল কার্যক্রমে স্বচ্ছতা বৃদ্ধি পাবে এবং জাতীয় মহাসড়কে সামগ্রিক ব্যবহারকারীর অভিজ্ঞতা উন্নত হবে।

Centre advisory for Child:

কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক, দু'বছরের কম বয়সী শিশুদের কাশি এবং জ্বর সর্দি-কাশির ওষুধের সুপারিশ না করা বা না খাওয়ানোর পরামর্শ দিয়েছে। মন্ত্রকের বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, পাঁচ বছরের কম বয়সী শিশুদের জন্য এগুলো সাধারণত সুপারিশ করা হয় না, এবং তার বেশি বয়সী হলে, সতর্ক তত্ত্বাবধানে চিকিৎসাগত মূল্যায়নের মাধ্যমে করা উচিত। এই বিষয়ে মন্ত্রক সকল রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলের স্বাস্থ্য অধিকর্তাদের কাছে চিঠি পাঠিয়েছে। এতে উল্লেখ করা হয়েছে, শিশুদের বেশিরভাগ তীব্র কাশিজনিত রোগ নিজে থেকে এবং প্রায়শই গুরুতর ব্যবহার ছাড়াই সেরে যায়। সাম্প্রতিক রিপোর্টে জানা গেছে, মধ্যপ্রদেশে শিশু মৃত্যুর ঘটনা কাশির গুরুতর খাওয়ার সঙ্গে সম্পর্কিত। জাতীয় রোগ নিয়ন্ত্রণ কেন্দ্র, জাতীয় ভাইরোলজি ইনসিটিউট, কেন্দ্রীয় ওষুধ মান নিয়ন্ত্রণ সংগঠনের প্রতিনিধিদের সমন্বয়ে একটি যৌথ দল ইতিমধ্যেই ঘটনাস্থল পরিদর্শন করেছে। ওই রাজ্যের সঙ্গে সমন্বয় করে কাশির গুরুতর সহ বিভিন্ন নমুনা সংগ্রহ করা হয়েছে। এদিকে, কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক বলেছে মধ্যপ্রদেশের ছিলওয়াড়ায় মৃত্যুর কারণ নির্ধারণের জন্য একটি বহুমুখী দল নমুনা এবং অন্যান্য কারণ বিশ্লেষণ অব্যাহত রেখেছে। স্বাস্থ্য মন্ত্রক জানিয়েছে, গুরুতর মানগত ব্যর্থতার ফাঁকগুলি চিহ্নিত করা এবং ভবিষ্যতে এই ধরনের ঘটনা এড়াতে প্রয়োজনীয় পরামর্শ দিতে ছয়টি রাজ্য ছড়িয়ে থাকা উনিশটি নমুনাযুক্ত ওষুধের উৎপাদন কেন্দ্রে গতকাল থেকে পরিদর্শন শুরু করা হয়েছে।

Orientation Programme:

মগ সম্প্রদায়ের কর্মচারীদের সংগঠন আরটিএস'র উদ্দেয়াগে আজ দক্ষিণ জেলার শান্তিরবাজারের মুকুট অডিটোরিয়ামে মগ জনগোষ্ঠীর পঞ্চম ও অষ্টম শ্রেণীতে পাঠরত ছাত্র-ছাত্রী ও তাদের অভিভাবকদের নিয়ে এক মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় গোটা রাজ্য থেকে তিন শতাধিক ছাত্র-ছাত্রী ও তাদের অভিভাবক উপস্থিত ছিলেন।

Weather:

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫.৯ ডিগ্রি সেলসিয়াস।
